
লেন্স এশিয়া

LENS ASIA

৬ অক্টোবর, ২০২৫

# বিসিবি নির্বাচনের ভোটগ্রহণ শেষ, সন্ধ্যায় ফলাফল ঘোষণা



সংগৃহীত ছবি

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচনের ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। সোমবার সকাল থেকে বিকেল পর্যন্ত রাজধানীর সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত এই ভোটে অংশ নেন ১৯১ জন কাউন্সিলর। ফলাফল প্রকাশ করা হবে সন্ধ্যা ৬টায়।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) বহুল আলোচিত নির্বাচনের ভোটগ্রহণ শেষ হয়েছে। সোমবার (৬ অক্টোবর) সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত রাজধানীর সোনারগাঁও হোটেলে এই ভোট অনুষ্ঠিত হয়। নির্বাচনে ২৩ পরিচালক পদের জন্য ভোটাধিকার প্রয়োগ করেছেন মোট ১৯১ জন কাউন্সিলর।

'সি' ক্যাটাগরিতে ভোট দিয়েছেন ৪৪ জন সদস্য, যেখানে প্রতিদ্বন্দ্বিতা করছেন সাবেক অধিনায়ক খালেদ মাসুদ পাইলট ও দেবব্রত পাল। ক্লাব ক্যাটাগরিতে ১২ পরিচালক পদের জন্য ভোট দিয়েছেন ৪৩ জন, যেখানে ফারুক আহমেদ, ইফতেখার মিঠু, ইশতিয়াক সাদেকসহ কয়েকজন আলোচিত প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এরই মধ্যে ৮ জন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

LENS ASIA

গতকাল (৫ অক্টোবর) আদালতের রায়ে ১৫টি ক্লাবের ভোটাধিকার ফিরিয়ে দেওয়ায় নির্বাচনী সমীকরণে পরিবর্তন আসে। ফলে এবারের ভোটে ফলাফল নিয়ে তৈরি হয়েছে বাড়তি আগ্রহ।

নির্বাচনে কারা হচ্ছেন ২৫ পরিচালক, তা প্রায় অনুমেয় হলেও আনুষ্ঠানিকভাবে নাম ঘোষণা করা হবে সন্ধ্যা ৬টায়। জাতীয় ক্রীড়া পরিষদের পক্ষ থেকে আসবেন দুই পরিচালক। এরপর নবনির্বাচিত ২৫ পরিচালকের মধ্য থেকে ভোটের মাধ্যমে নির্বাচিত হবেন নতুন বিসিবি সভাপতি।

সহ-সভাপতি পদে নাজমুল আবেদীন ফাহিমের নাম আলোচনায় থাকলেও অন্য সহ-সভাপতির নাম নির্ধারণ হবে ভোটের মাধ্যমেই।